

বাংলাদেশ



গেজেট



কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৩১, ২০২২

৩য় খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১০ চৈত্র ১৪২৮/২৪ মার্চ ২০২২

নং ২৩.০০.০০০০.০৫০.১১.০০১.২২.৯৬—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (এএফএমসি)র কিউরেটর (সিজিও-২) পদে নিয়োগকৃত নিম্নবর্ণিত কর্মকর্তাকে এএফএমসি'র নিয়োগবিধির ৬(ক) অনুযায়ী তাঁর নামের পার্শ্বে উল্লিখিত যোগদানের তারিখ থেকে চাকরি স্থায়ী করা হলো :

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদের নাম	যোগদানের তারিখ	চাকরি স্থায়ীকরণের তারিখ	মন্তব্য
১।	মোহাম্মদ নাছির উদ্দিন	কিউরেটর (সিজিও-২)	০১ জানুয়ারি ২০১৭	০১ জানুয়ারি ২০১৭	

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোল্যা সোহাগ হোসেন

সহকারী সচিব।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৭ চৈত্র ১৪২৮/২১ মার্চ ২০২২

নং ২৩.০০.০০০০.১৪০.১৯.০৭৬.১৬-১০৯—তুরস্কের আংকারাহু বাংলাদেশ দূতবাসের প্রতিরক্ষা শাখায় জেসিও (করণিক) হিসেবে কর্মরত বিজেও-৬১৫০০ ওয়ারেন্ট অফিসার আব্দুর রাজ্জাক, ই বেংগল-কে প্রত্যাবর্তন এবং তদস্থলে প্রতিস্থাপক হিসেবে বিজেও-৬২২০২ ওয়ারেন্ট অফিসার মোঃ ফরহাদ হোসেন সরকার, ই বেংগল'কে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

- তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, যাতায়াত এবং ব্যক্তিগত মালামাল পরিবহন ও আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন;
- এ বদলির জন্য যে অর্থের প্রয়োজন হবে তা সংশ্লিষ্ট অর্থ বৎসরের বাজেটের “প্রতিষ্ঠান কোড-১১৯ প্রতিরক্ষা মন্ত্রণালয়, ১১৯০৯-আন্তঃবাহিনীসমূহ পরিচালন ও ১১৯০৯১১০০০০০০-প্রতিরক্ষা অ্যাটাশে খাত থেকে” নির্বাহ করা হবে;
- আউটফিট ও বদলি মঞ্জুরি বাংলাদেশ সেনাবাহিনীর চলতি বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে প্রাপ্য হবেন;
- বিদেশে চাকরিকালে বাংলাদেশ সেনাবাহিনীতে তাঁর চাকরিস্বত্ব বহাল থাকবে;
- কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনোরূপ অগ্রিম গ্রহণ করলে ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে; এবং
- বিজেও-৬২২০২ ওয়ারেন্ট অফিসার মোঃ ফরহাদ হোসেন সরকার, ই বেংগল সপরিবারে (স্ত্রী-হালিমা এবং পুত্র-মোঃ আব্দুল্লাহ আল হাসিফ ও মোঃ আব্দুল্লাহ আল জারিফ) তুরস্কের আংকারা গমন করতে পারবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ২৩.০০.০০০০.১৪০.১১.১৫৭.১৮-১১০—পুনরাদেশ না দেয়া পর্যন্ত ব্রাজিলের ব্রাসিলিয়াস্থ বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা উপদেষ্টা কমডোর সৈয়দ মিসবাহউদ্দিন আহমদ, (সি), এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং-৬৩৯)-কে একইসঙ্গে অনাবাসিক ভিত্তিতে উরুগুয়ে বাংলাদেশের প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

- (ক) তিনি দাপ্তরিক কার্য উপলক্ষ্যে বছরে এক/দু'বার সন্ত্রীক সংশ্লিষ্ট দেশে ভ্রমণ করতে পারবেন;
- (খ) প্রচলিত বিধি বিধান অনুযায়ী তিনি ভ্রমণ ব্যয় বাবদ বিমান ভাড়া ও দৈনিক ভাতা প্রাপ্য হবেন;
- (গ) এ ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সংশ্লিষ্ট অর্থ বৎসরের বাজেটের 'প্রতিষ্ঠান কোড-১১৯ প্রতিরক্ষা মন্ত্রণালয়, ১১৯০৯ আন্তঃবাহিনী ডিপার্টমেন্টস এবং ১১৯০৯১১০০০০০০ প্রতিরক্ষা অ্যাটাশে খাত' থেকে সংকুলান করা হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১০ চৈত্র ১৪২৮/২৪ মার্চ ২০২২

নং ২৩.০০.০০০০.১৪০.১৯.১৮৬.২০-১১৪—রাশিয়ার মস্কোস্থ বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা শাখায় জেসিও (করণিক) হিসেবে কর্মরত বিডি/৪৬৪৪৯৯ ওয়ারেন্ট অফিসার মোঃ আব্দুল হালিম, সেক এসি (জিডি)-কে প্রত্যাবর্তন এবং তদস্থলে প্রতিস্থাপক হিসেবে বিডি/৪৬৫৮৮৬ ওয়ারেন্ট অফিসার মোঃ শরীফ হোসেন, সেক এসি (এ)'কে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

- (ক) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, যাতায়াত এবং ব্যক্তিগত মালামাল পরিবহন ও আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন;
- (খ) এ বদলির জন্য যে অর্থের প্রয়োজন হবে তা সংশ্লিষ্ট অর্থ বৎসরের বাজেটের "প্রতিষ্ঠান কোড-১১৯ প্রতিরক্ষা মন্ত্রণালয়, ১১৯০৯-আন্তঃবাহিনীসমূহ পরিচালন ও ১১৯০৯১১০০০০০০-প্রতিরক্ষা অ্যাটাশে খাত থেকে" নির্বাহ করা হবে;
- (গ) আউটফিট ও বদলি মঞ্জুরি বাংলাদেশ বিমান বাহিনীর চলতি বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে প্রাপ্য হবেন;
- (ঘ) বিদেশে চাকরিকালে বাংলাদেশ বিমান বাহিনীতে তাঁর চাকরিস্বত্ব বহাল থাকবে;
- (ঙ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনোরূপ অগ্রিম গ্রহণ করলে ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে; এবং
- (চ) বিডি/৪৬৫৮৮৬ ওয়ারেন্ট অফিসার মোঃ শরীফ হোসেন, সেক এসি (এ) সপরিবারে (স্ত্রী-দিলরুবা আক্তার এবং পুত্র-শারজিল শরীফ) রাশিয়ার মস্কো গমন করতে পারবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সাবেত আলী
উপসচিব।